হিজবুল্লাহ দমনের কাজ এখনো শেষ হয়নি: নেতানিয়াহু



জেরুজালেমে এক সংবাদ সম্মেলনে বক্তব্য রাখছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। ছবি: আল জাজিরা

লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহর বিরুদ্ধে ইসরায়েলের সামরিক তৎপরতা এখনো শেষ হয়নি বলে জানিয়েছেন দেশটির প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। যুদ্ধবিরতি কার্যকর হওয়ার কয়েক ঘণ্টার মধ্যেই তিনি আবারও গোষ্ঠীটিকে সম্পূর্ণভাবে নিষ্ক্রিয় করার লক্ষ্য তুলে ধরেন।

শুক্রবার প্রকাশিত আল জাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। এক ভিডিও বার্তায় নেতানিয়াহু বলেন, হিজবুল্লাহর রকেট ও ড্রোন হামলার যে ঝুঁকি এখনো রয়ে গেছে, তা মোকাবিলায় ইসরায়েলের প্রস্তুতি অব্যাহত রয়েছে। তিনি স্পষ্ট করে জানান, গোষ্ঠীটির সামরিক সক্ষমতা ধ্বংস করাই তাদের অন্যতম প্রধান লক্ষ্য।

এদিকে, এমন বক্তব্যের মধ্যেই ভিন্ন সুর শোনা গেছে যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কাছ থেকে। সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে তিনি ইসরায়েলকে লেবাননে আর হামলা না চালানোর আহ্বান জানান। তার ভাষায়, “এবার থামার সময় এসেছে।”

LENS ASIA